# AmsL¨ ab¨ev` - Avgiv KZÁ

প্রিয় বাঙালী ভাই ও বোন

আপনাদের প্রাণঢালা ভালোবাসা, সহযোগিতা এবং উৎসাহে আমরা এবারের বৈশাখী মেলাও সার্থকভাবে সম্পন্ন করতে পেরেছি। আপনাদের স্বতঃস্ফুর্ততা আমাদের করেছে আরো উদ্দ্যোমী - আরো প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের প্রতিশ্রুতি - আমরা আগামী  বছর আরো নতুন আঙ্গিকে আপনাদের উপহার দেবো বৈশাখী মেলা। আপনাদের সার্বিক অংশগ্রহণে আরো বর্ণাঢ্য হবে আমাদের বৈশাখী শোভাযাত্রা।

এ মেলা আপনাদের - আপনাদের জন্যেই সাজানো। তাই আপনাদের যে কোন পরামর্শ এবং আইডিয়া আমরা আন্তরিকতার সাথে গ্রহণ করবো।

এতো বিশাল এক আয়োজন - ভুলত্রুটি আমাদের অবশ্যই থাকবে। আর আপনারা সেগুলো শুধরিয়ে না দিলে আগামীতে পথ চলবো কি করে? আপনারাই যে আমাদের পথের সাথী। আমাদের একটাই লক্ষ্য আমাদের প্রজন্মকে দাঁড় করিয়ে দেয়া। ওরা বুঝে নিক চিনে নিক জেনে নিক - বাংলাদেশ, বাংলা ভাষা বাংলা সংস্কৃতি। এদেশের সংস্কৃতিতে বড় হয়ে ওঠার পাশাপাশি ওরা ধরে রাখবে বাংলাদেশ বাংলা ভাষা বাংলা সংস্কৃতি। সেটাই আমাদের প্রত্যাশা - আমাদের ঐকান্তিক চেষ্টা।

মেলায় কষ্ট করে এসেছেন অসংখ্য ধন্যবাদ। আমরা কৃতজ্ঞ।

ভালো থাকুন - সুস্থ থাকুন

ড. কাইউম পারভেজ
সভাপতি
বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া

ডা. নুরুর রহমান
সাধারণ সম্পাদক
বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া